বাংলাদেশ কৃষি ব্যাংক
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
(মানিলন্ডারিং প্রতিরোধ সেল)
প্রধান কার্যালয়, ঢাকা।

নং-প্রকা/আরএমডি(৩০)/CTR/২০১৯-২০২০/৯৮ তারিখ ঃ ২৬-০৪-২০২০

০১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ মার্চ ও এপ্রিল/২০২০ মাসের নির্ভুল ও পরিপূর্ণ তথ্য সম্বলিত **CTR/STR** বিবরনী নির্ধারিত সময়ে প্রেরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর নির্দেশনা মোতাবেক goAML পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্পোরেট শাখা/ আঞ্চলিক কার্যালয় হতে প্রাপ্ত CTR অনলাইনের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হয়। অনেক সময় তথ্য না পাওয়ায় সংশ্লিষ্ট শাখার CTR বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা সম্ভব হয় না। এছাড়াও লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু শাখায় **CTR/STR যোগ্য লেনদেন হওয়া সত্ত্বেও তা গোপন করা হয়**, যা অনাকাংখিত এবং মানিলন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ (সংশোধিত ২০১৫) এর ২৩(৪) ধারার পরিপন্থী এবং শাস্তি যোগ্য অপরাধ।

০২. বাংলাদেশ ব্যাংক, ব্যাকিং প্রবিধি ও নীতিবিভাগের ১১/০৪/২০২০ তারিখের জারিকৃত সাকুলার পত্র নং- ১৬ মোতাবেক ব্যাংকের সকল বিবরণীসমূহ সরকার কর্তৃক ঘোষিত সাধারন ছুটি শেষ হবার পর স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম শুরু হওয়ার পরবর্তী ১০ দিনের মধ্যে দাখিল করার নির্দেশনা রয়েছে, যা ব্যাংকের শাখা নিয়ন্ত্রন বিভাগ ১৩/০৪/২০২০ তারিখের ১২৮৫ নং পত্রের মাধ্যমে সবাইকে অবহিত করা হয়।

০৩. এমতাবস্থায়, মার্চ ও এপ্রিল মাসের দাখিলযোগ্য CTR শাখা হতে মে মাসের ০৫ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ে এবং মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় হতে ০৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে দাখিল করতে হবে। সময়মত CTR রিপোর্ট দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকতে পরামর্শ প্রদান করা হলো। এ বিষয়ে কোন গাফিলতি/ অপারগতা এবং নির্ধারিত সময়ে প্রতিবেদন দাখিলে বিলম্বের জন্য মানিলন্ডারিং প্রতিরোধ আইন অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক জরিমানা আরোপিত হলে তার দায়ভার সংশ্লিষ্টদের (ব্যবস্থাপক/ আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক) উপর বর্তাবে।

০৪. BAMLCO/ শাখার ২য় কর্মকর্তা কর্তৃক শাখার প্রতিটি লেনদেন ( পরিমান নির্বিশেষে) যথাযথভাবে পরীক্ষা করে দেখবেন। সন্দেহজনক কোন লেনদেন/ তথ্য পাওয়া গেলে লেনদেনের বর্ণনা ও সন্দেহের কারণ উল্লেখপূর্বক তাৎক্ষনিকভাবে STR/ SAR দাখিল করবেন।

০৫. সম্প্রতি বাংলাদেশ ব্যাংক কর্তৃক শাখা পরিদর্শনের সময় CTR প্রেরণ করা হয়নি এমন তথ্য উদঘাটিত হওয়ায় বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক থেকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে ব্যাখ্যা তলব করার পাশাপাশি **সিটিআর প্রেরণ না করায় ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) জরিমানা আরোপ করা হয়।** এহেন পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংকের নিকট অত্র ব্যাংকের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ হচ্ছে, অন্যদিকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তীব্র অসন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে যদি কোন শাখা নির্ধারিত সময় অর্থাৎ মে মাসের ০৭ তারিখের মধ্যে CTR/STR যোগ্য নির্ভূল ও পরিপূর্ণ তথ্য সম্বলিত CTR/ STR data প্রেরণ না করার কারনে কোন জরিমানা আরোপিত হলে তার দায় সংশ্লিষ্টদের উপর বর্তাবে । উল্লেখ্য, CTR এর ফরমে তথ্য ঘাটতি থাকলে তা পূরণকল্পে বা এ সংক্রান্ত কোন ধরণের জটিলতা/ অস্পষ্টতা পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের মুখ্য কর্মকর্তা জনাব কানিজ ফাতিমা (০১৭৩০৮৫০২৪৬)/ উর্ধ্বতন কর্মকর্তা জনাব কবিতা দেবী (০১৭৮৩৩৮৫৩১১) এর সংগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৬। অতএব, কোন শাখায় CTR / STR এ রিপোর্টযোগ্য কোন লেনদেন না থাকলেও অবশ্যই শূণ্য প্রতিবেদন পাঠাতে হবে। মার্চ ও এপ্রিল মাসের দাখিলযোগ্য CTR শাখা হতে মে মাসের ০৭ তারিখের মধ্যে যথাযথভাবে **CTR এর বিবরনী প্রেরণ নিশ্চিত করার জন্য সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগনদের বিশেষ ভাবে নির্দেশনা প্রদান করা হলো**। অন্যথায় যে কোন সমস্যা/ জরিমানার ঘটনা ঘটলে সকল দায় সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

০৭। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত

২৬/০৪/2020

(পারভীন আক্তার)
মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

নং-প্রকা/আরএমডি(৩০)/ CTR /২০১৯-২০২০/ ২৬৩৯ তারিখঃ ২৬-০৪-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। **উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিষ্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**
৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। নথি/মহানথি।

২৬/৪/2020

(মোঃ আক্তার হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)